

## শৃঙ্খলা ভঙ্গের দায়ে বাক্তবির ১৫ শিক্ষার্থীকে শাস্তি



**বাক্তবি প্রতিনিধি**

২৩ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২৩ সেপ্টেম্বর ২০১৯ ০১:১৮ **বাংলাদেশ ক্ষেত্র বিশ্ববিদ্যালয়ে (বাক্তবি)** শৃঙ্খলা ভঙ্গের দায়ে ভেটেরিনারি অনুষদের ১৫ শিক্ষার্থীর ছয় ও ১২ মাসের বৃত্তি কাটা এবং সংশ্লিষ্ট সব শিক্ষার্থীর অভিভাবকদের কাছ থেকে মুচলেকা নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব রেসিডেন্স অ্যান্ড ডিসিপ্লিন কমিটির সভায় শাস্তির এ সিদ্ধান্ত নেওয়া হয়।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদের স্নাতক লেভেল ৩, সেমিস্টার ১ শ্রেণির ফাইনাল পরীক্ষা পেছানোকে কেন্দ্র করে এ বছরের ১৬ মে কর্যকর্জন শিক্ষার্থী অনুষদের ডিন অফিসে তালা দেন ও বিশ্বঙ্খলা সৃষ্টি করেন। এ ঘটনার পরিপ্রেক্ষিতে একটি তদন্ত কমিটি গঠন করে ভেটেরিনারি অনুষদ। এর পর বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব রেসিডেন্স অ্যান্ড ডিসিপ্লিন কমিটির সভায় তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী বাক্তবি ‘অর্ডিনেশন ফর স্টুডেন্ট ডিসিপ্লিন’-এর ১৩ নম্বর ধারায় সংশ্লিষ্ট ১৫ শিক্ষার্থীকে শাস্তি দেওয়া হয়। শাস্তি হিসেবে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ছয় ও ১২ মাসের বৃত্তি কাটা এবং অভিভাবকদের কাছ থেকে মুচলেকা নেওয়া হয়।

শাস্তিপ্রাপ্তরা হলেন ভেটেরিনারি অনুষদের তৃতীয় বর্ষের মো. শাহরিয়ার খন্দকার, আবদুল্লাহ আল বাকী, পার্থ সরকার, অনিক চৌধুরী, আবির হোসেন, আসাদুজ্জামান নিলয়, হাসিব উল হাসান, এইচএম নাসিম মোর্শেদ, সুজন কুমার, এম হাসিব উল ইসলাম, ছামিউল ইসলাম, মরিয়ম আকতার মীম, তাসমিয়া হাবীব ও সুমন দে।

advertisement

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব রেসিডেন্স অ্যান্ড ডিসিপ্লিন কমিটির সদস্য সচিব অধ্যাপক ড. মো. আজহারুল হক বলেন, ভেটেরিনারি অনুষদের তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী বোর্ড শাস্তির এ সিদ্ধান্ত নিয়েছে। তবে বিশ্ববিদ্যালয়ের অর্ডিনেশনে আরও কঠোর শাস্তির বিধান থাকলেও শিক্ষার্থীদের ভবিষ্যতের কথা চিন্তা করে শাস্তি অনেকটাই কমানো হয়েছে।